চলমান গবেষণার ফেজ- থ্রির অন্তরর্তীকালিন বিশেষণে (ইনটেরিম এনালিসিস) সম্প্রতি দেখা গেছে, ফাইজার কোম্পানীর কোভিড-১৯ প্রতিরোধী ভ্যাক্সিনের কার্যকারিতা প্রায় নব্বই শতাংশ। চলমান বৈশ্বিক কোভিড-১৯ মহামারির সময়ে খবরটি সবার জন্য নি:সন্দেহে আশাব্যঞ্জক। কোভিডাক্রান্ত পুরো পৃথিবীই এই সংবাদে নড়ে-চড়ে উঠেছে। এতদিন আমরা অক্সফোডের কোভিড ভ্যাক্সিনের কথা বেশী শুনছিলাম, মাঝখানে দুয়েকজন অংশগ্রহণকারীর উপরে বিরূপ প্রতিক্রিয়ার কারণে কিছুদিনের জন্য ট্রায়ালটি বন্ধ ছিল। এই দুটো ভ্যাক্সিনের বাইরেও চীনা কোম্পানির ভ্যাক্সিনসহ আরো কয়েকটি ভ্যাক্সিনের ফেজ-থ্রি পর্যায়ের ট্রায়াল চলছে।

ফাইজারের ভ্যাক্সিনের আপাত সাফল্যের খবর প্রকাশিত হতেই আমাদের কতিপয় বিশেষজ্ঞ নড়েচড়ে বসেছেন। সাম্প্রতিককালে বাংলাদেশের এটা একটা বিশাল অর্জন, যে কোন বিষয়ে সেখানে বিশেষজ্ঞের অভাব নাই। তা জুতো সেলাই থেকে চণ্ডিপাঠ, বিষয়ে যা-ই হোক না কেন! একজন বিশেষজ্ঞকে দেখলাম, ফাইজারের কোভিড-১৯ ভ্যাক্সিনের নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলেছেন। এটি বয়স্ক মানুষের শরীরে কার্যকর কি না, সেই প্রশ্নও তুলেছেন। আমার সামান্য জ্ঞানে যতটুকু জানি, ট্রায়ালের প্রথম ও দ্বিতীয় পর্যায়েই ভ্যাক্সিনের নিরাপত্তা বা সেফটি এবং ডোজ নির্ধারণ করা হয়। ফেজ থ্রিতে মূলত বৃহত্তর জনগোষ্ঠীর শরীরে প্রযয়োগ করে ভ্যাক্সিনটি কার্যকর কি না তা পরীক্ষা করে দেখা হয়। তারপরও নিরাপত্তা একটি চলমান প্রক্রিয়া, বাজারজাত করার পরেও সেটার প্রতি নজরদারী রাখা হয়। সুতরাং, এই মূহূর্তে ফেজ থ্রির ভ্যাক্সিনগুলোর নিরাপত্তার ইস্যুতে মূখ্য করে জনগণকে বিভ্রান্ত করা খুব একটা জরুরী নয়। এ ছাড়া, ভ্যাক্সিনটি প্রয়োজনীয়সংখ্যক তরুণ ও বয়স্ক মানুষের শরীরেই প্রয়োগ করে দেখা হচ্ছে। বর্তমানে ফেজ থ্রিতে পরীক্ষাধীন ভ্যাক্সিনগুলোর সাথে যেমন অভিজ্ঞ এবং বিখ্যাত গবেষকরা জড়ত, তেমনি বিশ্ব স্বাস্থ্য সংস্থা, মার্কিন প্রতিষ্ঠান এফডিএ, সিডিসিসহ পৃথিবীর নামকরা সব চিকিৎসা ও জনস্বাস্থ্যবিষয়ক গবেষকরাও ট্রায়ালের ব্যাপারে নজর রাখছেন। বিজ্ঞানের শর্ত এবং জনগণের স্বাস্থ্যের সম্ভাব্য সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার পরই কার্যকরী কোভিড ভ্যাক্সিনসমূহ বাজারজাত করা হবে। এটা কোভিড ভ্যাক্সিন উৎপাদনকারী সকল কোম্পানীর জন্যই সমানভাবে প্রযোজ্য। এর ব্যত্যয় ঘটবার কোন অবকাশ নাই। এটা উন্নয়নশীল কোন দেশের একক ব্যাপার না যে, কোন এক আমলার ইচ্ছে-অনিচ্ছের উপর ভ্যাক্সিনের অনুমোদন নির্ভয় করবে।

বাংলাদেশ সরকার ইতিমধ্যে ভারতের সিরাম ইনস্টিটিউটের কাছ থেকে তিন কোটি অক্সফোর্ডের কোভিড ভ্যাক্সিন কিনবে বলে চুক্তি করেছে। ভ্যাক্সিন উৎপাদনকারী কোম্পানীর স্থানীয় এজেন্ট হিসেবে এই প্রক্রিয়ার সাথে বেক্সিমকোও জড়িত আছে। এখানে বেক্সিমকোর সম্পৃক্ততা নিয়ে কেউ কেউ অকারণ জল ঘোলা করার চেষ্টা করছে। এখানে বেক্সিমকো না হয়ে বাংলাদেশের অন্য যে কোন কোম্পানীই হতে পারতো। বেক্সিমকো আগে থেকেই উৎপাদনকারী কোম্পানীর সাথে যোগাযোগ করে ভ্যাক্সিনটি বাংলাদেশে বিপননের ব্যবস্থা করেছে। তিন কোটি ভ্যাক্সিন বেক্সিমকো সরাসরি সরকারকে দিচ্ছে। কিনে নেবার পর সরকার সব ভ্যাক্সিনই বিনা মূল্যে জনগণকে সরবরাহ করবে।

এখন ফাইজারের কোভিড ভ্যাক্সিন সফল হলে সেটাও বাংলাদেশে আনতে হবে। এ ক্ষেত্রে স্বাভাবিকভাবেই ফাইজারের বাংলাদেশী এজেন্টই উদ্যোগী হবেন। পত্রিকায় দেখলাম, ফাইজারের এদেশীয় এজেন্টের পক্ষ থেকে ইতিমধ্যে সরকারের কাছে ভ্যাক্সিন সরবরাহের প্রস্তাব দেওয়া হয়েছে। সরকার নিশ্চয়ই বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করবে। প্রতিজনকে এই ভ্যাক্সিনের দুটো করে ডোজ দিতে হবে। সে ক্ষেত্রে ষোল কোটির বেশী মানুষের দেশে কমপক্ষে বিশ কোটি কোভিড ভ্যাক্সিন শুরুতেই প্রয়োজন। সুতরাং,

অক্সফোর্ডের ভ্যাক্সিনের পাশাপাশি কার্যকর প্রমাণিত হলে সরকারকে অন্য কোম্পানীর কোভিড ভ্যাক্সিনও কিনতে হবে। অস্ট্রেলিয়ার দুই কোটি ষাট লক্ষ মানুষের জন্য ফাইজারসহ চারটা কোম্পানীর সাথে সরকার দশ কোটির বেশী ভ্যাক্সিন ক্রয়ের চুক্তি স্বাক্ষর করেছে। সবাই এখন অপেক্ষা করছে ভ্যাক্সিনের সাফল্যের উপর। কার্যকর প্রমাণিত হলেই দেশে দেশে ভ্যাক্সিন প্রদানের কার্যক্রম শুরু হয়ে যাবে। ভ্যাক্সিন দেবার পরে যে প্রশ্নটা মূখ্য হয়ে দেখা দেবে, সেটা হলো, এর ফলে সৃষ্ট এন্টিবডি মানবদেহে কতদিন থাকবে? উলেখ্য, শরীরে সৃষ্ট এই এন্টিবডিই নোভেল করোনা ভাইরাস থেকে মানুষকে রক্ষা করে। আপাতত ধারণা করা হচ্ছে, অন্তত শরীরে এন্টিবডি এক বছর বা তার বেশী থাকবে। সে ক্ষেত্রে ভ্যাক্সিনটি প্রতিবছর দুই ডোজ করে নিতে হবে। তবে এন্টিবডি শরীরে কতদিন থাকবে, সেই প্রশ্নের উত্তর সময়ই সবচেয়ে সঠিকভাবে দিতে পারবে। ভ্যাক্সিন গ্রহীতার একাংশের শরীরের এন্টিবডি নিয়মিত পরীক্ষা করে আমরা দেখতে পারবো, শরীরে তৈরী হওয়া এন্টিবডির স্থায়ীত্ব কতদিনের? ভ্যাক্সিনের দাম দেশ ভেদে একেকরকম হবে বলে ধারণা করছি। ধনী দেশগুলোতে স্বভাবতই দাম বেশী হবে। ভ্যাক্সিন কেনার জন্য নিম্ন ও নিম্ন-মধ্যম আয়ের দেশগুলোকে বন্ধু রাষ্ট্র, দাতা সংস্থা ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহ কী ধরণের অর্থনৈতিক সহায়তা দেবে সেটা নিয়েও নানান পর্যায়ে আলোচনা চলছে। ভ্যাক্সিনের দাম নিয়েও অনেক কথা শোনা যাচ্ছে। তবে একটা জিনিষ মানতেই হবে। শুরু থেকেই ভ্যাক্সিন উৎপাদনকারী কোম্পানীগুলো বানিজ্যের চেয়ে মানবিকতাই প্রাধান্য দিচ্ছে। সুতরাং, কোনপক্ষই মনে হয় না ভ্যাক্সিনের গলাকাটা দাম রাখবে বা বিশাল বানিজ্য করবে।

ভ্যাক্সিনের সংরক্ষণ ও সরবরাহের ক্ষেত্রে নির্দিষ্ট মাত্রার তাপমাত্রা নিশ্চিত করতে হবে। ফাইজারের কোভিড ভ্যাক্সিনের ক্ষেত্রে মাইনাস সত্তর ডিগ্রী তাপমাত্রায় ভ্যাক্সিনটি সংরক্ষণ করতে হবে। বাংলাদেশসহ অনেক দেশের জন্যই এই তাপমাত্রায় কোভিড-১৯ ভ্যাক্সিন সংরক্ষণ করা একটা বিরাট চ্যালেঞ্জ। তবে আশার কথা হলো, ফাইজারের ভ্যাক্সিন বহন করবার জন্য এক ধরণের বিশেষ ব্যাগ তৈরী করা হয়েছে, যার সাথে কিছু ড্রাই আইস মিশিয়ে চৌদ্দদিনের জন্য প্রয়োজনীয় তাপমাত্রায় এই ভ্যাক্সিন বহন করা যাবে। এছাড়াও, কিভাবে মাইনাস সত্তর ডিগ্রী তাপমাত্রা বজায় রাখা যায় বা কমানো যায়, সে ব্যাপারেও বিস্তারিত চিন্তাভাবনা-গবেষণা চলছে। লোকমুখে শুনেছি, বাংলাদেশের দুটো ওষুধ কোম্পানি নাকি দেশেই কোভিড ভ্যাক্সিন বানানো যায় কি না, সে ব্যাপারে সম্ভাব্যতা যাচাই করছে। এছাড়া গ্লোব ফার্মাসিউটিক্যালসও কোভিড ভ্যাক্সিন বানানোর চেষ্টা করছে। কোভিড ভ্যাক্সিন দেশে আনার ব্যাপারে দেশী-বিদেশী বিভিন্ন মহল থেকে নানাধরণের সহযোগিতা পাওয়া যাবে বলে আমার ধারণা। আমি নিজেও এধরণের কিছু কাজের সাথে বর্তমানে সম্পৃক্ত। সেই অভিজ্ঞতার আলোকে বলছি, এ ক্ষেত্রে প্রয়োজনে স্বনামধন্য বেসরকারী প্রতিষ্ঠানের জন্য স্বল্প সুদে ঋণের ব্যবস্থাও করা যাবে।

বাংলাদেশে কোভিড ভ্যাক্সিন আনা এবং আনার পরে কিভাবে সংরক্ষণ ও পরিবহন করা হবে, প্রাথমিক পর্যায়ে অগ্রাধিকার ভিত্তিতে কাদের ভ্যাক্সিন দেওয়া হবে, এসব নিয়ে বিস্তারিত কৌশল নির্ধারণে স্বাস্থ্য অধিদপ্তর বর্তমানে ব্যস্ত সময় পার করছে। এসময়ে আমাদের সবার দায়িত্বশীল আচরণ করা উচিত। প্যানডেমিক একা আসে না, সাথে ইনফোডেমিকও আসে। ফেসবুকের কল্যানে প্রতিদিন প্রচুর পরিমানে ভুল তথ্য এবং অপপ্রচার ছড়ানো হচ্ছে। এতে করোনা পরিস্থিতি উন্নয়নে উপকারের চেয়ে ক্ষতিই বেশী হচ্ছে।

লেখক: জনস্বাস্থ্য বিশেষজ্ঞ এবং চেয়ারম্যান, ফাউন্ডেশন ফর ডক্টরস সেফটি, রাইটস এন্ড রেস্পন্সিবিলিটিজ (এফডিএসআর)।

নিজেরে হারায়ে খুঁজি

চৌধুরী সালাহউদ্দীন মাহমুদ

ঢাকা ও ডালাস– দুই বিশ্বের দুই শহর, বিপরীত মেরুতে তাদের বাস। ঢাকায় যখন ছিলাম টিভি সিরিয়াল 'ডালাস' দেখে দেখে স্বপ্ন দেখতাম সে শহর ও সে দেশের; আর এখন সে স্বপ্নপুরীতেই বাস করছি, তবুও ফিরে ফিরে আসে ঢাকা এবং স্বদেশ– ডালাসে বাস করেও মনে মনে বাস করি ঢাকায়।

কোনো যুদ্ধ হয়নি, কোনো দাঙ্গা হয়নি, কোনো মহামারি হয়নি; তবুও আমরা এক কোটি লোক স্বদেশ ছাড়লাম শুধুমাত্র ভালো জীবনের আশায়। সে স্বপ্ন দুঃস্বপ্নে পরিণত হয়েছে অনেকের জন্য, কেউবা সে স্বপ্নের দেখা পেয়েছি, অনেকে ভাবছেন-স্বপ্ন স্বপ্নই থাকে।

স্বপ্নের দেশটি ক্রমে পুরনো হয়ে আসে, ফিকে হয়ে আসে সবকিছু; জীবন-সংসার-সমাজ মনে হয় একই যাঁতাকল : এতে দেশ-বিদেশের কোনো তফাৎ নেই। অভ্যাসে বিদেশ আস্তে আস্তে দেশ হয়ে গেল, তবে এখনো স্বদেশ হতে পারল না, হয়তো কোনো সময় হবেও না। মা একজনই, জন্মদাত্রীই শুধুমাত্র মা হবার অধিকার রাখেন। স্বদেশ আর মা যে এক, তা একই সত্তার দুই রূপ। নতুন দেশে ঘড়ির কাঁটায় জীবন ভর করে আছে। এখানে সব সময় ছুটে চলা, যেন 'আমার সোনার হরিণ চাই' ভাববার, থামবার অবকাশ নেই; সবকিছুর মাপকাঠি তথাকথিত 'সাফল্য'। তাই সফল হবার ইঁদুর-দৌড়ে সবাই শশব্যস্ত। কাজের কোনো কমতি নেই, বিনোদনেরও কোনো ঘাটতি নেই। তবুও, জীবনের কোলাহল যখন থেমে যায়, তখন শরীর-মনে ভর করে নিঃসঙ্গতা ও ক্লান্তি– আর হৈমন্তিক সাঁঝের বিষণ্ণতায় মনে পড়ে মাকে, মনে পড়ে স্বদেশকেও। নিজের কাছে নিজে ধরা পড়ে যাই, অপরাধবোধ মনকে আচ্ছন্ন করে রাখে, ভাবি– নিজের সুখের সন্ধানে মা আর স্বদেশকে ছেড়ে আসা কি ঠিক? মনে হয় 'আমার একূল ওকূল দুকূল গেল'।

তবুও চলতে থাকে জীবনের ঘোড়দৌড়, উপায় নেই থেমে যাবার, বা আস্তে যাবার; কারণ গতিই এখানে জীবন। থেমে গেলে হেরে যেতে হবে, আর হেরে যাবার জন্যও তো এখানে আসিনি। তাই মন খারাপ করার সময় নেই। পথ চলতেই হবে।

পথ চলতে চলতে দেশের মুখ ভেসে ওঠে। ওক-পাইন-মেপল আর ব্লু-বনেটে খুঁজে ফিরি জারুল-আম-কাঁঠাল ও শিউলিকে, রেড রিভার আর মিসিসিপির বাঁকে খুঁজি ধানসিঁড়ি ও তিতাসকে।

মধুসূদনের কথা মনে পড়ে। তিনিও বিদেশের মাটিতে খুঁজে ফিরেছিলেন স্বদেশকে, তাঁর মনও নিশ্চয়ই এ রকম হাহাকার করে উঠেছিল, তাই মন থেকে উঠে এসেছিল সেই বাণী:

হে বঙ্গ, ভাণ্ডারে তব বিবিধ রতন;–
তা সবে, (অবোধ আমি!) অবহেলা করি,
পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।

মধুসূদন সব কালের, সব ভূগোলের দেশ-ছাড়া বাঙালির মনোকষ্টের প্রতিধ্বনি করেছেন– তাঁর জন্য সে কথা যেমন সত্য ছিল, এ যেন আমাদেরও মনের কথা।

আরো মনে পড়ে জীবনানন্দের কথা। কলকাতার ইট-পাথর-লোহা আর জন-সমুদ্রের মাঝে থেকেও জীবনানন্দ বারবার মনে করেছেন ধানসিঁড়ি-জলাঙ্গী-হিজল-তমালকে, আর বলে উঠেছেন :

বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ
খুঁজিতে যাই না আর; অন্ধকারে জেগে উঠে ডুমুরের গাছে
চেয়ে দেখি ছাতার মতন বড় পাতাটির নিচে ব'সে আছে
ভোরের দয়েল পাখি, চারিদিকে চেয়ে দেখি পল্লবের স্তূপ
জাম-বট-কাঁঠালের-হিজলের-অশথের ক'রে আছে চুপ।

কী নিঃসংশয়, কী আবেগ-ঘন জীবনানন্দের উক্তি : 'বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর'। আমরা পৃথিবীর পথে

পথে ঘুরছি তার রূপের খোঁজে, নাকি তার সম্পদের আশায়?

রবি ঠাকুর তো কলকাতায় বসে দিগ্বিদিক ছড়িয়েছেন রবি-রশ্মি। তবুও মাটির সোঁদা গন্ধ ও ধানের সুবাসকে বুকে ভরে নিতে বার বার ছুটে গেছেন পূর্ব বাংলার পদ্মাপারে, ঘুরে-ফিরে খুঁজেছেন বাউলদের, আর শুনেছেন তাদের মরমী গান। বাউলদের সুরে একাত্ম হয়ে তিনি গেয়ে উঠেছেন, 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি'। আর দেশকে ডেকেছেন 'মা' বলে : 'ও মা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে আমি কী দেখেছি মধুর হাসি'। তাঁর কাছে মা আর স্বদেশ এক হয়ে যায়, তারা তো সত্যিই এক।

এসব হলো আবেগের কথা। আমাদের নতুন চারণ-ভূমিতে জীবনের লেনদেনে আবেগ বড়ই বেমানান। এখানে পথ চলতে হয় পরিকল্পনায়, আর তা আগাম হওয়া চাই। এ দেশ হলো 'মেল্টিং পট', এখানে যত তাড়াতাড়ি মিশে যেতে পারব ততই লাভ। আমরা শেকড় কেটে এসেছি, হয়তো নতুন শেকড় গজাবে নতুন মাটিতে, নতুন হাওয়ায়। আর আমরা লক লক করে বেড়ে উঠব। তবু বার বার মনে হয় আগের শেকড়টিই রয়ে গেছে। তাই তো বৈশাখী মেলায় ছুটে যাই, একুশে ফেব্রুয়ারি ফুল দিতে যাই শহীদ মিনারে, বসন্ত মেলায় বাসন্তী রঙে মেতে উঠি, পিঠা উৎসবে পিঠার স্বাদে আপ্লুত হই। মনে করি এইতো আমার ঐতিহ্য, আমার ইতিহাস। স্বদেশে থাকতে বৈশাখী মেলায় খুব একটা যাইনি। মেলা ছিল মূলত গ্রামের অনুষ্ঠান। কিন্তু তার মধ্যে ছিল একটি খাঁটি দেশি ভাব। স্বদেশের আত্ম-আবিষ্কারের পালায় কালক্রমে বৈশাখী মেলা তার সঠিক জায়গাটিকেই চিনে নেয়, সে স্থান করে নেয় দেশের রাজধানীর কেন্দ্রে, রমনার বটমূলে। রমনার বটমূল থেকে এই বৈশাখী মেলা ছড়িয়ে পড়েছে নিউ ইয়র্কের জ্যাকসন হাইটস-এ, আর শিকাগো, ডালাস, এলএ, টরন্টো, মেলবোর্ন, লন্ডনে, তথা পৃথিবীর বড় বড় শহরে-নগরে যেখানে বাঙালি আছে সেখানেই ছড়িয়ে পড়েছে বৈশাখী মেলা আর একুশে ফেব্রুয়ারি।

শেকড়ের সন্ধানে আমরা জসীম উদ্‌দীনকে খুঁজে পাই। তার আগে আমরা রবীন্দ্রনাথ-নজরুলকে চিনেছি। স্বদেশে তাঁদেরকে সেভাবে জানার সুযোগ হয়নি। মনে হতো তাঁরা তো কাছেই আছেন, সময়-সুযোগ বুঝে তাঁদেরকে চেনা যাবে। জীবনের আয়োজন আর কোলাহলে রবীন্দ্রনাথ-নজরুল-জসীম উদ্‌দীনকে স্বদেশে চেনার সময় হয়নি। নতুন দেশে এসে মনে হলো তাদেরকে বুঝি হারিয়ে ফেলব, তাই শুরু হলো আবার নতুন করে জানার। যতই জানি ততই বিস্ময়-বিমুগ্ধতায় অভিভূত হই, ভাবি কী সমৃদ্ধ আমাদের সাহিত্য, কী বিশাল আমাদের সংস্কৃতি। আর মনে পড়ে মধুসূদনের সেই বাণী :

ওরে বাছা মাতৃ-কোষে রতনের রাজি,
এ ভিখারী দশা তবে কেন তোর আজি?
যা ফিরি, অজ্ঞান তুই, যা রে ফিরি ঘরে।

স্বদেশে থাকতে জসীম উদ্‌দীনের দু'টি মাত্র কবিতা, 'নিমন্ত্রণ' ও 'কবর' পড়েছিলাম, তাও আবার স্কুলের পাঠ্য-তালিকায় ছিল বলে পড়া হয়েছিল। নতুন দেশে এসে পড়া হলো আর দেখা হলো তাঁর 'রাখালী' এবং 'সোজন বাদিয়ার ঘাট'। ডালাসে ২০০৮, ৪ জুলাই অনুষ্ঠিত 'ফোবানা'-এর সাংস্কৃতিক অনুষ্ঠানে 'রাখালী' মঞ্চস্থ হয়েছিল। নাটকটি দেখার সময় তা খুব সাররিয়াল মনে হচ্ছিল। মঞ্চে দেখছিলাম মাটির হাঁড়ি-পাতিল, মাটির চুলা, শাড়ি, আলতা, লুঙ্গি, বাঁশি, বাঁশঝাড়, শনের ঘর বাংলাদেশের কোনো গ্রামকেই যেন ডালাসের একটি স্টেজে তুলে আনা হয়েছে। সেদিন যারা অভিনয় করেছিল তাদের জন্ম এ দেশে, অর্থাৎ যুক্তরাষ্ট্রে। জ্যাকেট-বুট-জীনস-টিশার্ট-সানগ্লাস-লিপস্টিকের বদলে তাদের অবয়বে ছিল শাড়ি লুঙ্গি গামছা আলতা নূপুর শাঁখা সিঁদুর। এই বদলানোতে তাদের কোনো দ্বিধা, কোনো জড়তা ছিল না। মনে হচ্ছিল তারা যেন তাদের প্রিয় জায়গাটিতেই ফিরে গেছে, যদিও ক্ষণিকের জন্য, তবুও তা বহন করে এক গভীর অর্থ।

'ডালাস বাংলা থিয়েটার' ২০১১ সালের ৬ ও ৭ মে আর্ভিং আর্টস সেন্টারে মঞ্চস্থ করে জসীম উদ্‌দীনের 'সোজন বাদিয়ার ঘাট'। নাটকটির প্রেক্ষাপট আরো বড়, এর অন্তর্নিহিত মানবিকতা অনেক শক্তিশালী, আর এ যেন গ্রাম-বাংলার এক প্রতিচ্ছবি। বাংলার গ্রামের চিরায়ত দৃশ্য, তার মানব-মানবীর জীবনাচরণ, তাদের আশা-নিরাশা-স্বপ্ন, আর সাথে গ্রাম-বাংলার কুটিল রাজনীতি ও দ্বন্দ্ব– সবই কাব্যিক ভাষায় তুলে ধরা হয়েছে। বাংলার দু'টি বড় সম্প্রদায় হিন্দু ও মুসলিম– তাদের সম্পর্ক কাল ও রাজনীতির জোয়ার-ভাটায় বার বার ওঠা-নামা করেছে। তবে রাজনীতির স্বার্থ-চিন্তা এবং ধর্ম ও শাস্ত্রের অনুশাসন ছাড়িয়ে বাঙালির জীবনে যা মূর্ত হয়ে উঠেছে তা হলো মানবতা। জসীম উদ্‌দীন বাংলার জন-জীবনের চালচিত্র এঁকে সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে মানবিক শক্তির জয়ধ্বনিই গেয়েছেন। কবির সমসাময়িক-কালে তা যেমন প্রাসঙ্গিক ছিল, এই দুই শক্তির লড়াই এখনো বাস্তবতা। সময়ে-অসময়ে, প্রাচীন ও আধুনিককালে মানবতা পদদলিত হয়েছে, পরাজিত হয়েছে অসংখ্যবার। তখন মনে হয় এটিই ইতিহাসের নিয়ম। না, তা নয়। ইতিহাসের রায় হলো অমানবিক শক্তির পরাজয়, মানুষের শুভ-বুদ্ধির উদয়, আর পরিশেষে মানবতার জয়। এটিই অমোঘ সত্য, চিরসত্য।

ধর্ষণ : অপরাধ বন্ধে চাই আইনের কঠোর প্রয়োগ

ড. আনোয়ারা আলম
শিক্ষাবিদ, প্রাবন্ধিক; সাবেক অধ্যক্ষ
আগ্রাবাদ মহিলা কলেজ

এই করোনাকালেও ধর্ষণের প্রতিযোগিতা! যদিও প্রতিবাদ এবং আন্দোলনের মুখে এ অপরাধের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড করা হয়েছে। কিন্তু এতে থামবে কি! কারণ এর পরও মাদ্রাসার শিশুদের উপর শিক্ষকের নির্যাতনের সংবাদ পেলাম। এই বিচারে সমস্যা নিয়ে বিবিসির এক প্রতিবেদনের সূত্রে নারীকে সন্দেহ বা অবিশ্বাস এবং যেভাবে জেরা করা হয় তাতে নারী বারে বারে ধর্ষিত হয়। এছাড়াও অনেক শাস্তিপ্রাপ্ত আসামি আইনের ফাঁকে একটা সময় বেরিয়ে আসে। চীনে সরাসরি মৃত্যুদণ্ড, ইরানে ফাঁসি বা সোজাসুজি গুলি তেমনি আফগানিস্তান, উত্তর কোরিয়া, সৌদি আরব, মঙ্গোলিয়া ও মিসরে। যে কারণে ওসব দেশে ধর্ষণ কমেছে। অর্থাৎ আইনের কঠোর প্রয়োগ এবং দৃষ্টান্তমূলক শাস্তি হলে অপরাধ কমে। অপরাধীদের কাছে বার্তা যায়, অপরাধীরা ভয় পায়। ধর্ষণ একটি নৈতিক রোগ যার এজেন্ট বিকৃত কাম নৈতিকতা-বিবর্জিত পুরুষ। আবার বলতে হয়- নারীর প্রতি শারীরিক আকর্ষণ বয়সের ধর্ম। কিন্তু একে নিয়ন্ত্রণে রাখে শিক্ষা, সৎসঙ্গ ও পরিবেশ। যা নারীর প্রতি শ্রদ্ধা বোধ জাগাবে বা নারীকে কোনোভাবেই ভোগ্যপণ্য না মানুষ হিসেবে চিন্তা করতে শেখাবে। প্রশ্ন এসে যায়, আমাদের শিক্ষা পাঠ্যক্রম কি শেখাচ্ছে! নৈতিক ও মূল্যবোধ শেখানোর জায়গায় পারিবারিক সুশিক্ষায় সন্তানদের মেধা ও মননকে শাণিত করছে কিনা! সমাজ ও মিডিয়ায় আসি। বিজ্ঞাপনে নারীর উপস্থাপনা কেমন! ব্যতিক্রম আছেই। কিন্তু সাধারণভাবে! আমার মনে হয় অনেক ক্ষেত্রে ভোগ্যপণ্য হিসেবে। ফ্যাশন বা মডেলিংয়ে নারী নিজেকে কীভাবে তুলে ধরছেন! একই সাথে সাহিত্য-সংস্কৃতি-শিল্পকলা নাটক কি শিক্ষা দিচ্ছে! আমরা জানি ফ্রয়েডীয় ব্যাখ্যায় ইভ, ইগো ও সুপার ইগো মানুষের মনকে পরিচালিত করে। সুপার ইগো মানুষকে সব সময় মানবিক দুর্বলতার উর্ধ্বে উঠে ভালো কাজ করার জন্য উদ্দীপ্ত করে আর এক্ষেত্রে বড় উপাদান হচ্ছে ব্যক্তির পারিবারিক ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে সঠিক শিক্ষা দান। এখানে অনেক গলদ আছে অবশ্যই। নারীর শালীনতার বিষয়ে কথা এলে অনেকে বলেন- তাহলে শিশু বা বৃদ্ধাও বাদ যাচ্ছে না কেন? কারণ কোনো না কোনোভাবে আনুষঙ্গিক অনেক কারণে ইভ ও ইগোই ধর্ষকের ব্রেইনে উদ্দীপক হিসেবে কাজ করে এবং তখন সেই বিকৃত মানসিকতার মানুষ নিজেকে সংযত রাখতে পারে না। ধর্ষণের প্রকার ভেদে দেখি ডেট ধর্ষণ, গণধর্ষণ, বৈবাহিক, সংবিধিবদ্ধ, যুদ্ধকালীন থেকে শুরু করে প্রতারণার দ্বারা ধর্ষণ। আর প্রতিকারের ক্ষেত্রে এগুলোর ব্যাখ্যা দরকার হয়। তবে এখন যে বিষয়টা সামনে চলে আসে তাহলে কিভাবে এর প্রতিকার সম্ভব। আমরা নানাভাবে কথা বলছি। কিন্তু আমরা কি

আন্তরিক বা সত্যিকার অর্থে সমাধানের জন্য এগিয়ে যাচ্ছি। অবশ্যই আমাদের ভেতরে ক্ষোভ বেদনা বা আক্ষেপ আছে। আমরা লিখছি বা সামাজিক যোগাযোগমাধ্যমে বা রাস্তায় আন্দোলনে। কিন্তু এব্যাপারে যেসব সংগঠন কাজ করছে তাদের ভূমিকা কি? এক্ষেত্রে গবেষণা দরকার কারা ধর্ষণকারী তথা সমাজের কোন শ্রেণির? তাদের জীবন যাপন বা পারিবারিক ও সামাজিক ক্ষেত্রে তাদের অবস্থান কি ধরনের? আপাত দৃষ্টিতে কেউ নিম্ন শ্রেণির, কেউ গণপরিবহনের, কেউ অপরাধ জগতের কেউবা তথাকথিত শিক্ষার্থী। আবার কেউ ব্যবসায়ী বা মালিক শ্রেণির, কেউ সুশীল সমাজের মুখোশধারী, কেউ ক্ষমতাশালীর অধীনে এক শ্রেণির রাজনৈতিক দলের। আর ঘরেও আছে আপন রক্তের একান্ত প্রিয়জন। সুতরাং সমাধানের জন্য এক্ষেত্রে গবেষণা প্রয়োজন। এ পর্যন্ত এ নিয়ে সঠিক পরিসংখ্যান কি আছে? আমি মনে করি, সমস্যা যে রকম ধারাবাহিকভাবে বৃদ্ধি পাচ্ছে সেক্ষেত্রে প্রথম পদক্ষেপ হওয়া দরকার বিশেষ ট্রাইব্যুনালে জনসম্মুখে কয়েক জনের মৃত্যুদণ্ড। অথবা সবার সামনে কর্তন করা হোক কয়েক জনের বিশেষ অঙ্গ। সারাজীবন সে সবার সামনে কাটাক নারকীয় জীবন। এর পরে চিরুনি অভিযানে বের করা হোক ধর্ষকদের। সার্বিক নজরদারিতে বেরিয়ে আসবে কেন ধর্ষণ করেছে! এর পরে বিচার। যেটা গুরুত্বপূর্ণ তা হচ্ছে তথাকথিত কিছু বখাটে ছাত্র নামধারী গণধর্ষণে জড়িত- তারা কাদের প্রশ্রয়ে, ক্ষমতাশালী কারা? অবিলম্বে তাদের সবার সামনে আনা ও দৃষ্টান্তমূলক শাস্তি সময়ের দাবি। আইনের বাস্তবায়নে কোনোভাবেই বিচারহীনতার সংস্কৃতি বা দীর্ঘসূত্রতা কাম্য নয়। বিশেষ করে 'ধর্ষণ' নামক মহামারির ক্ষেত্রে। একেবারে আন্তরিকভাবে কামনা করি সরকারের সদিচ্ছায় শুধু কয়েকজনকে সবার সামনে দৃষ্টান্তমূলক শাস্তি দিন। একবার হোক। ফলাফল কি হয় সেটা জনগণ দেখুক। ভার্চুয়াল এবং বাস্তবে প্রতিরোধের ক্ষেত্রে প্রথমত সামাজিক যোগাযোগে পর্নোসাইট বন্ধ করতে হবে। মিডিয়ার কিছু ভারতীয় চ্যানেল বিশেষত ক্রাইম পেট্রোল জাতীয় চ্যানেল এবং প্রয়োজনে আরও কিছু চ্যানেল অবশ্যই বন্ধ করা দরকার। এগুলো অল্পবয়সী তরুণ-তরুণী শুধু নয়, বয়স্কদের জন্যও নিরাপদ না। মনোজগতে এক প্রকার নেতিবাচক প্রভাব ফেলে। ধর্ষকের শ্রেণিবিভাজনে দেখা যাবে মাদকাসক্তিও একটা বড় উপাদান। মাদক কিন্তু দাবানলের মতো ছড়িয়ে পড়েছে সবখানেই। এর সাথে জড়িত এক বিরাট মাফিয়া চক্র। এটি বন্ধে আইন এখনো তেমন কার্যকর না। যদি মামলার কথা বলতে হয় তবে সাক্ষ্য আইনের ১৫৫(৪) ধারার বিলোপ, অর্থাৎ ধর্ষণের শিকার ভুক্তভোগীদের মামলা পরিচালনাকালে লিঙ্গীয় সংবেদনশীল আচরণ করতে পুলিশ, আইনজীবী, বিচারক ও সমাজকর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। এই বিষফোঁড়া এখন সমগ্র সমাজের জন্য এক ভীতিকর বিষয় হয়ে দাঁড়িয়েছে। দেশ স্বাধীন হলেও মনে হয় এখনো নারী সমাজের পায়ে এক অদৃশ্য শেকল। শেকলটাকে ভাঙতে হবে। সচেতনতা শব্দও এখানে অচল। আমরা চাই আবারও বলি- সর্বোচ্চ শাস্তির বাস্তবায়ন এবং তা জনসম্মুখে।

অপেক্ষায় আছি

কাজী হাসান

বাস স্ট্যান্ড, গাইনি ওয়ার্ডের ওয়েটিং রুম, চাকরির ইন্টার্ভিউয়ের পর ক্যান্ডিডেটের মানসিক অবস্থা।

একেবারে ভিন্ন পরিস্থিতির তিন ধরনের পরিবেশ। আচ্ছা বলুনতো, এই তিন পরিবেশের মধ্যে কি কোনো মিল আছে? প্রশ্নটা শুনে অবাক হবেন হয়তো। আশ্চর্যের ব্যাপার হলো, একটা মিল কিন্তু তিন ক্ষেত্রেই আছে। বাস স্ট্যান্ডে যাত্রীরা তীর্থের কাকের মতো বসে আছে, কখন বাস আসবে কিংবা ছাড়বে। গাইনি ওয়ার্ডের ওয়েটিংরুমে হবু বাবা, আত্মীয়স্বজন উদগ্রীব হয়ে থাকে সন্তান ভূমিষ্ঠ হওয়ার সুসংবাদের আশায়। ইন্টার্ভিউয়ের পর ক্যান্ডিডেটের মনে-প্রাণে কামনা চাকরির অফারটা যেন আসে।

এই তিন ক্ষেত্রেই অপেক্ষা করার বিষয়টা নিশ্চয়ই লক্ষ্য করে ফেলেছেন। বাস স্ট্যান্ডে অপেক্ষা, গাইনি ওয়ার্ডের ওয়েটিংরুমে অপেক্ষা, চাকরির ইন্টার্ভিউয়ের পরে অপেক্ষা। এমন জায়গা খুঁজে পাওয়া মুশকিল, যেখানে আমাদের অপেক্ষা করতে হয় না। টিকিট কেনার জন্যে লাইনে দাঁড়িয়ে অপেক্ষা, সন্তান বড় হওয়ার জন্যে অপেক্ষা, একটা ভালো সংবাদের জন্যে অপেক্ষা। আমাদের জীবনের সাথে আষ্টে-পৃষ্ঠে মিশে আছে অপেক্ষা। আমরা চাই বা না চাই, অপেক্ষা আমাদের করতেই হয়।

গুরুজনদের থেকে আমরা শুনেছি, সবুরে মেওয়া ফলে। কথাটার ভাব সম্প্রসারণ করলে, বিষয়টা এমন দাঁড়ায় আমরা যাতে অপেক্ষার খেলায় রণভঙ্গ না দেই। বাংলা ভাষায় 'সবুর' শব্দটার একটা সুন্দর প্রতিশব্দ আছে : ধৈর্য। সবুর বা ধৈর্যের উপকারিতা বিষয়ক উদাহরণের কিন্তু কোনো অভাব নেই।

স্কটল্যান্ডের রাজা রবার্ট ব্রুস বারবার ইংল্যান্ডের রাজার কাছে যুদ্ধে হারছিলেন। একবার তিনি ভীষণ মন খারাপ করে এক গুহায় আশ্রয় নিলেন। মনে হচ্ছিল তার ভাগ্যে জয় নেই। তিনি ঠিক সেই মুহূর্তে দেখলেন, এক মাকড়শা জাল বুনছে। মাকড়শা পর পর ছয়বার চেষ্টা করে ব্যর্থ হলো। কিন্তু সপ্তমবারে ঠিকই সে সফল হলো। রবার্ট ব্রুস নতুন করে অনুপ্রাণিত হলেন। তিনি আরও কয়েকবার চেষ্টা করার পর বিজয়ী হলেন। অবশেষে তিনি ইংল্যান্ডের রাজাকে পরাজিত করতে সমর্থ হলেন। রবার্ট ব্রুসের বিজয়ের পেছনে অধ্যবসায় এবং চেষ্টার সাথে যোগ হয়েছিল অপেক্ষা। তিনি ঠিক সময়ের জন্যে অপেক্ষা করেছিলেন বলেই, শেষ পর্যন্ত সফলতার মধুর স্বাদ পেয়েছিলেন। অপেক্ষা না করলে তাকে ইতিহাসের আস্তাকুঁড়ে হারিয়ে যেতে হতো।

এক কথা থেকে তো আরেক কথা চলেই আসে। কাজ আরম্ভ করার সঠিক সময় বুঝতে পারেন না বলে, কিছু মানুষ কাজ থেকেই দূরে থাকেন। সেটাকে আমরা অলস মানুষের অপেক্ষা বলতে পারি। এই ধরনের অপেক্ষার আরম্ভ থাকলেও শেষ নেই। রুশ দেশের বিখ্যাত লেখক লিও তলস্তয়, 'থ্রি কোশ্চেন' গল্পে দেখিয়েছেন, কোনো কিছু আরম্ভ করার শ্রেষ্ঠ সময় হলো এখন মানে এই মুহূর্ত। তার জন্যে অপেক্ষা করার কোনোই দরকার নেই।

যাই হোক ফিরে আসি, যে কথা দিয়ে লেখা শুরু করেছিলাম। এক অপেক্ষা থেকে আরেক অপেক্ষা তৈরি হয়, তারপর আবার আরেকটা। এইভাবে চলতে থাকে অপেক্ষার পর অপেক্ষা, আরও অপেক্ষা। ওই যে বলছিলাম গাইনি ওয়ার্ডের ওয়েটিংরুমের কথা। প্রথমে বাবার অপেক্ষা ছিল কখন বাচ্চা হবে, তারপরে কখন স্কুলে যাবে, চাকরি করবে, বিয়ে করবে ইত্যাদি ইত্যাদি। বিষয়টা অনেকটা আমরা যেন অন্তহীন অপেক্ষার বৃত্তে সারাটা জীবন ঘুরতেই থাকি! প্রেম যারা করে, তারা হাড়ে হাড়ে জানে অপেক্ষা করার অম্লস্বাদ কেমন! কখন প্রেমিকার সাথে দেখা হবে, কখন মান ভাঙবে, কখন মিলন হবে। সবকিছুর জন্যে মনে হয় শুধু অপেক্ষা আর অপেক্ষা। কোনো এক কবি একবার ক্ষোভ করে বলেছিলেন, 'অপেক্ষা করতে করতে গাছ হয়ে যাব'। আক্ষেপের বিষয় হলো গাছ হওয়ার সৌভাগ্য অনেকেরই হয় না। অপেক্ষা করতে করতে পথ যায় বেঁকে, ভালোবাসা যায় হারিয়ে!

এক ব্যক্তি ওজন কমানোর জন্য বহু দিন অপেক্ষা করলেন। কিন্তু কোনো পরিবর্তন না দেখে, ডাক্তারের কাছে যেয়ে জানতে চাইলেন, ওজন কমানোর জন্যে আর কত দিন অপেক্ষা করতে হবে। ডাক্তার সাহেব জানতে চাইলেন, তিনি স্বাস্থ্যকর খাওয়া-দাওয়া এবং নিয়মিত ব্যায়াম করছেন কি-না। ভদ্রলোক জানালেন, এই দুটো জিনিস বাদ দিয়ে তিনি বাকি সবকিছুই করছেন। উত্তর শুনে ডাক্তার সাহেবতো একেবারে থ। বেচারা স্থূলকায় ভদ্রলোক বুঝলেন না, একনিষ্ঠ চেষ্টা না থাকলে, কিছু ত্যাগ স্বীকার না করলে সারা জীবন

34th FOBANA CONVENTION 2020
28-29 November

অপেক্ষা করলেও লক্ষ্যে পৌঁছানো যায় না।

বিখ্যাত ফরাসি লেখক ভলটেয়ার লিখেছিলেন, 'আমরা কখনো বাস করি না, আমরা সারাক্ষণ বসবাসের আশায় থাকি'; (We never live; we are always in the expectation of living- Voltaire)। তার মতে, আমরা সারাটা জীবন অপেক্ষার মধ্যেই থেকে যাই। মার্কিন ঔপন্যাসিক ড্যানিয়েল হ্যান্ডলার তার The Ersatz Elevato লেখায় Violet নামের এক চরিত্র অন্যদের বলেছিল, 'আমিও প্রস্তুত না, তবে আরও অপেক্ষা করলে আমাদের বাকি জীবন অপেক্ষা করতে হবে।' বুঝতেই পারছেন বন্ধুরা অবহেলা, অলসতা করে অপেক্ষায় থাকলে হবে না। অপেক্ষায় পূর্ণ একাগ্রতা না থাকলে চলবে না। কোনো কিছুর আরম্ভ করার জন্যে পূর্ণ প্রস্তুত আমরা কখনই হতে পারবো না।

অপেক্ষা শুধু আমাদের নিজেকে নিয়েই সীমাবদ্ধ না। সমাজ, দেশ, বিশ্বকে নিয়ে আমাদের অপেক্ষা আর কত না আশা। একদিন দুর্নীতিহীন ও যৌক্তিক বাঙালি সমাজ হবে, অসাম্প্রদায়িক ও গণতান্ত্রিক বাংলাদেশ হবে, বিশ্ব থেকে সব ধরনের হানাহানি উঠে যাবে, ভীষণ সুন্দর একটা দিন আসবে, করোনা ভাইরাসের ভ্যাক্সিন আসবে! প্রশ্ন হলো এই জন্যে আমরা কি কিছু করছি? না-কি স্থূলকায় সেই মানুষটার মতো হাত-পা গুটিয়ে শুয়ে বসে আছি। অপেক্ষায় আছি, সবকিছু এমনিতেই হয়ে যাবে। কিন্তু আমরাতো স্পষ্ট জানি, চেষ্টা ছাড়া অপেক্ষা- অপেক্ষা হয়েই থাকবে। তাহলে আমরা বিখ্যাত সেই ইংরেজি কথাটা 'What are you waiting for?' কিসের জন্যে অপেক্ষা করছো? কিভাবে ভুলে থাকছি? কাজে কেন ঝাঁপিয়ে পড়ছি না?

অপেক্ষা করতে করতেই একদিন আমরা অপেক্ষাবিহীন

জগতে যেয়ে পৌঁছে যাব। এখন নাম না জানা এক কবির কবিতার অংশবিশেষ উদ্ধৃত করে না হয় বিষয়টা তুলে ধরি। তিনি লিখেছিলেন:

'Waiting for a phone call' একটা ফোন কলের জন্যে অপেক্ষা,
'Waiting for a text message' একটা টেক্সট ম্যাসেজের জন্যে অপেক্ষা,
'Waiting for a visit' একটা ভ্রমণের জন্যে অপেক্ষা,
'Waiting for a time' এমন একটা সময়ের জন্যে অপেক্ষা,
'When I no longer have to wait'- যখন আমাকে আর অপেক্ষা করতে হবে না।

উত্তরাধিকার

১.
আমার ভেতর এক অদ্ভুত বৈপরীত্য আমাকে কুঁকড়ে দেয়। যেমন মিলিকে আমি ভীষণ ভালোবাসি, কিন্তু প্রায়ই ইচ্ছা হয় দরজা খুলে কোথাও চলে যাই যেন মিলি আমাকে আর খুঁজে না পায়। সারা জীবন ধরে কাঁদুক আমার জন্য। আমার অফিসের ব্রেকরুমে একটা কাচের বোলে একটা গোল্ড ফিশ আছে, ওকেও আমার মাঝে মাঝে কাঁটা চামচ দিয়ে তুলে টয়লেটে ফ্লাশ করে দিতে ইচ্ছা হয়। অথচ আমি মুখে বলি, 'হাই ফিসি'। তারপর কিছু মাছের খাবার পানিতে ছিটিয়ে দেই।
ছোটোবেলায় আমাদের বারান্দায় একটা মরিচ গাছ ছিল। আমার মা খুব যত্ন করে পানি দিতেন আর ভাত খাওয়ার সময় সেই মরিচ আয়েশ করে মুখে দিতেন। একদিন স্কুল থেকে ফিরে আমার যে কী হলো আমি গাছটাকে গোড়াসুদ্ধ তুলে ফেললাম। আমার মা কিছুক্ষণ স্তব্ধ হয়ে তাকিয়ে আমাকে সব অদ্ভুত প্রশ্ন করলেন। মা জিজ্ঞেস করলেন- আমি কি কাউকে স্কুলে মারধর করি? আমাকে বললেন দরকার ছাড়া যেন আমি রান্নাঘরে না ঢুকি। ছুরি, কাঁচি, বঁটি, চুলা সবকিছু থেকে যেন দূরে থাকি। তারপর আমার মাথায় অনেকক্ষণ পানি ঢাললেন আর ঘর অন্ধকার করে আমাকে ঘুমাতে পাঠালেন। আমি শুয়ে শুয়ে মনে মনে লাল মরিচের গাছকে শত শত টুকরা করলাম। সেদিন আমার পাড়ার মাঠে খেলতে যাওয়া হলো না। এই শাস্তি কোনোভাবেই সেদিন মাথায় ঢোকেনি। এখন একটু একটু বুঝতে পারি কেন মা এতো ঘাবড়ে গিয়েছিলেন।
মিলি এখন আমার পাশে ঘুমিয়ে আছে, কী শান্ত একটা মুখ! এখনো বাইরে ভোর হয়নি। হাসলে মিলির একটা দাঁত দেখা যায় যেটাকে গেজ দাঁত বলে। ওর হাসির সব থেকে সুন্দর অংশ যখন দাঁতের উপর আরেকটা দাঁত দেখা যায়। মিলি অনেকবার ডেন্টিস্টের কাছে গিয়ে বাড়তি দাঁত ফেলে দিতে চেয়েছে; কিন্তু আমি দেই না। আমার মতের বাইরে গিয়ে এই কাজটা সে করেনি। আমি প্রায়ই তার অনেক প্রশংসা করি। তখন সে নাক টেনে একটু শ্বাস নেয়। নাকটা একটু ফুলে উঠে, আমি টের পাই সে একটু লজ্জা পায়। আসলে সে তেমন আহামরি নয় দেখতে; কিন্তু আমার তাকে বড় ভালো লাগে। তার পাতলা কোমর জড়িয়ে ধরে আমি নির্লজ্জের মতো অনেক কিছু বলি। সে তখন কিচেনে গিয়ে সরিষার তেল দিয়ে ঝাঁঝ করে ঝালমুড়ি বানায়। মুখে কিছু না বলেও সে আমার প্রিয় একটা খাবার বানিয়ে আমাকে সুখী করতে চায়। তখন তার অতি সুখী মুখের দিকে তাকিয়ে হঠাৎ আমার ইচ্ছা হয় চুলের মুঠি ধরে গলা বরাবর ঘ্যাচাং একটা কিছু করি। আমি ঝাটকা মেরে মুড়ির পাত্র সরিয়ে বলি, লবণ হয় নাই।
মিলি চোখ বড় করে ফেলে। সে মেলাতে পারে না কোনটা আসলে আসল আমি!

২.
আমার আর মিলির পরিচয় হয়েছিল হঠাৎ করে। আমরা একই ফ্লাইটে দুবাই থেকে আমেরিকা আসছিলাম। ফতুয়া পরা মিলি যখন আমার পাশের সিটে এসে বসলো আমার কোনো সন্দেহ ছিল না যে সে বাঙালি। প্রথম ঘণ্টাখানেক মিলি কোনো কথা বলেনি। সে তার সামনের স্ক্রিনটাও অফ করে রাখল। ফ্লাইটে এমনিতেই আমার অসহ্য লাগে। একটা ছোটো জায়গায় এতক্ষণ বসে থাকার ধৈর্য আমার নেই। আমি একটার পর একটা মুভি দেখি, কিন্তু পাশের সিটের মেয়েটি কেন জানালায় মাথা কাত করে মেঘ দেখছে এই ব্যাপারটা আমাকে অস্থির করে তুললো। আমার ধারণা হলো সে মুভি চালাতে পারছে না।
বাংলা না ইংরেজি বলবো মন স্থির করতে পারছিলাম না। আপনি না তুমি বলবো সেটাও বুঝতে পারছিলাম না। এই মেয়ের বয়স পঁচিশ থেকে পঁয়ত্রিশের কোথাও।
তারপর বাংলায় বললাম, প্রথমবার আমেরিকা যাচ্ছেন?
সে আমার দিকে তাকিয়ে হাসলো। এই প্রথম তার আপাত অসুন্দর দাঁতের হাসিতে আমি আরেকটু অস্থির বোধ করলাম। এ যেন এক এলোমেলো হাসি, কিন্তু আমার ভালো লাগছে, আপন লাগছে। মনে পড়ল আমার মায়েরও এরকম একটা বাড়তি দাঁত ছিল মুখের বাঁদিকে।
- নাহ, আমি আর আমার পরিবার আমেরিকাতেই থাকি।
- মুভি দেখলে সময় ভালো কাটতো।
- আমার ফ্লাইটে মাথা ধরে, শব্দ ভালো লাগে না। চোখ বন্ধ করে পড়ে থাকি। আপনি দেখুন।
- আমেরিকায় কোথায় থাকেন?
- ভার্জিনিয়া। আপনি?
- জি, ডালাসে থাকি।
বুঝলাম দুজনকেই নিউ ইয়র্কে নেমে কানেকটিং ফ্লাইট ধরতে হবে। প্রকৃতির খেয়াল যে শুধু মাঝের অংশটুকু আমরা একসাথে পাশাপাশি মেঘের উপর ভাসব। এরপর মিলি একবার রেস্টরুমে গেল, একবার ইনহেলার ব্যবহার করলো আর প্রথমবার খাবারের ট্রে খুলেও দেখলো না। অদ্ভুত মেয়ে! আমি যখন মুভি দেখছি একটা মুভিতে কিছু অন্তরঙ্গ দৃশ্য ছিল, কিন্তু আড়চোখে দেখলাম মেয়েটি জানালা দিয়ে অন্ধকার আকাশের দিকে একমনে তাকিয়ে আছে। তেরো ঘণ্টার লম্বা সে ফ্লাইটে চারখানা মুভি দেখে শেষের দিকে আমিও ঝিমিয়ে পড়লাম। হঠাৎ ভীষণ হৈচৈ আর ঝাঁকুনিতে আমার ঘুম ভাঙলো। এয়ার হোস্টেজ সবাইকে সিট বেল্ট বাঁধতে বলছেন, আতঙ্কে অনেকেই চিৎকার করছিল। ভীতসন্ত্রস্ত মিলি এবার চোখ মেলে আমার

ইশরাত মেহেরীন জয়া

34th FOBANA CONVENTION 2020
28-29 November

হাত চেপে ধরলো। ঘামে ভেজা সে হাত আর ভয়ার্ত দৃষ্টি দেখে আমি তাকে অভয় দিলাম- কিছু হবে না। অন্তত দশ মিনিট ভালো রকমের ঝাঁকুনি খেয়ে মিলি ভীষণ বমি করলো। এয়ারপোর্টে পৌঁছে আমি দেখলাম সে ট্রলি ঠেলে হাঁটতে পারছে না। আমি তাকে খানিকটা পথ এগিয়ে দিলাম। সেদিন তাকে বিদায় জানাবার সময় সেলফোন নম্বর বিনিময় করেছিলাম। এরপর কখন যেন কোনো পরিকল্পনা ছাড়াই দেবী ভেনাসের কৃপায় মেঘের রাজ্য থেকে আমার জীবনে ভালোবাসা টুপ করে এসে পড়ল। ফোনে কথা বলেই টুকটুক করে এক সময় বিয়ে হয়ে গেল।

৩.

ইদানীং মিলি প্রায়ই বাচ্চার কথা বলে। আমি তাকে বলি আমরাতো ভালোই আছি, কিন্তু সে মানতে চায় না। আমার পরিবার সম্পর্কে সে কিছুই জানে না। শুধু জানে আমার তিন কূলে কেউ নেই। কেন কেউ নেই- এ নিয়ে তার মনে কোনো প্রশ্ন নেই। আর দশজন মেয়ের থেকে সে আলাদা। অফিস থেকে ফিরে লম্বা সময় সে নানা কিছু পড়ে যেমন গল্পের বই, বিভিন্ন আর্টিক্যাল, নানা ওয়েব সাইটের খবর। পড়ালেখা, আমি আর কাজের বাইরে তার তেমন কিছুতে আগ্রহ নেই। বেশ আধুনিক দম্পতি আমরা। মিলি মিলির মতো পড়াশোনা করে আর আমি আমার মতো ভিডিও-গেমে দৈত্য-দানব মারি। মাঝে মাঝে শুধু তার হাতের তালুতে মৃদু চাপ দিয়ে তাকে জানিয়ে দেই আমি তার পাশে আছি। শুধু ইদানীং বাচ্চার জন্য অস্থির সে। একদিন চোখ বড় বড় করে বললো, দেখেছো ছোটো ছোটো বাচ্চারা স্কুলেও নিরাপদ না। বন্দুক নিয়ে স্কুলে ঢুকে পড়ছে মানুষ। কী ভয়াবহ!

মানবসমাজ যেন বেঁচেবর্তে থাকে তাই বংশরক্ষার এক আকুতি আমাদের ভেতর স্রষ্টা রোপণ করে দিয়েছে। নাহলে তার মতো নির্লিপ্ত একজন মানুষ বাচ্চার জন্য কেন অস্থির হয়ে গেল?

মিলির পরিবারের লোকেরাও আমাদের বিয়েতে তেমন মাথা ঘামায়নি। আমি অফিসের কয়েকজন সহকর্মীকে নিয়ে দিব্যি বিয়ে সেরে ফেললাম। মিলির বয়স তখন বত্রিশ। তার পরিবার স্বাভাবিক আর দশটা বাঙালি পরিবারের মতো মেয়ে বিদায় করতে পারলে বাঁচে। মিলি ভালো চাকরি করে। তাকে যার-তার সাথে বিয়ে দেয়া সম্ভব না, মানসিকতা মিলবে না। তার শ্বাসকষ্টের অসুখ আছে, বিদেশে তার সাথে সব মিলিয়ে পাত্র খুঁজে খুঁজে তখন তারা ক্লান্ত। সামাজিকভাবে প্রতিষ্ঠিত আমি বেশ ভালো পাত্র হিসেবেই আবির্ভূত হলাম। এখন পর্যন্ত সে এটাও খেয়াল করেনি আমার তেমন বন্ধুও নেই। আমরা যেন খাপে খাপে মিলে গেছি।

কিন্তু ইদানীং আমার রক্তের উত্তাল অস্থিরতা শুধু ভিডিও-গেমে একে-তাকে মেরে মিটছে না। বার বার গলা শুকিয়ে যায়, অস্থির লাগে। রাগে কাঁপতে কাঁপতে মনে মনে মিলিকে গালি দেই- 'শালী, গর্ধভ তুই থাক তোর খবরের কাগজ নিয়ে'। আমি একটা লাল স্যুটকেস গুছিয়ে রেখেছি। সেখানে আমার সব টাকাপয়সা। মিলিকে আমি আটকে রাখবো না আর বেশি দিন।

৪.

কোনো কোনো স্মৃতি সারাজীবন তার সব বর্ণ, গন্ধ আর আতঙ্ক নিয়ে মস্তিষ্কে গেঁথে যায়। তখন সম্ভবত আমার বয়স নয় বছর। মফস্বলে এরকম অনেক বাড়ি আছে যার মাঝে উঠোন আর চারপাশে ঘর। সেদিন আমি এরকম একটা বাড়ির লাল সিমেন্টের সিঁড়িতে বসে আছি, লবণ দিয়ে আমড়া খাচ্ছি। আমার বাবা বাইরের ঘরে কাজ করছিলেন আর মা রান্নাঘরে ডালে কেবল ফোঁড়ন দিয়েছেন, একটা ঝাঁঝালো গন্ধ আসছিল নাকে। বারান্দার পিছনে যে ঘর তাতে বাইরে থেকে ছিটকিনি তুলে দিয়ে আটকে রাখা হয়েছে আমার বাবার বড় ভাইকে। উনার খোঁচা খোঁচা আধা কাঁচা-পাকা দাড়ি। উনি আমাকে সব সময় ফিসফিস করে বলতেন- খোকা দরজা খুলে দে, আমি তোকে পয়সা দেব।

- না, আপনি পাগল। খুলে দিলেই আপনি বঁটি নিয়ে আমাকে দৌড়ানি দিবেন।

- কিচ্ছু করবো না, খুলে দাও। এই দেখ আমার কাছে পাঁচশ' টাকার নোট।

মাথা ঘুরিয়ে দেখলাম সত্যি একটা সবুজ রঙের কাগজ। পাঁচশ' টাকাইতো মনে হচ্ছে। আমি নোটটা দেখতে উঠে গেলাম আর ঠিক তখন কাকা আমার হাতটা খপ করে ধরলেন। মাথাটা জানালার শিকে আটকে কানে কামড় দিলেন- 'ছিটকিনি খোল, হারামির বাচ্চা, বিচ্ছু।'

আমার চিৎকারে মা দৌড়ে এসে আমাকে বাঁচাতে ছিটকিনি খুলে দিলো।

চাচা ঘর থেকে দৌড়ে বের হয়ে প্রথমে একটা বঁটি নিয়ে এলেন রান্নাঘর থেকে আর আমার সামনে দিয়েই এক কোপে প্রথমে একটা বিড়াল তার পর কিছু গাছ কাটলেন। মা আমাকে নিয়ে দৌড়ে একটা ঘরে ঢুকে ছিটকিনি লাগিয়ে দিলো। আমার মায়ের চিৎকারে বাবা বাইরের ঘর থেকে একটা টিনের দরজা ঠেলে ঢুকতে না ঢুকতেই, রক্তে লাল। কী ভীষণ রক্তিম সেই লাল। তারপর থেকে আমি কোনোদিন ডাল খাইনি আর লাল রঙের জামা পরিনি।

সেই সময় স্কুলে 'পাগলের বংশ' কথাটা অনেকবার শুনেছি। দাদাও নাকি আমার দাদিকে কুপিয়ে মেরেছেন। উত্তরাধিকার সূত্রে মানুষ কত কিছু পায়! কেউ পায় অর্থ-সম্পত্তি, রূপ, মেধা আর আমি পেয়েছি পাগলামির বীজ। সেই ঘটনার পর আমি আর মা আর খুব বেশি দিন ওই শহরে থাকিনি। সবকিছু ছেড়ে চলে এলাম আমরা ঢাকা শহরে। মা আমাকে আগলে রাখতেন। শুধু মরিচ গাছ উপড়ানো ছাড়া আমি এ পর্যন্ত আর কিছুই করিনি। কিন্তু মনে মনে কত কী যে করি! মা তার মৃত্যুর আগে আমাকে বলেছিলেন, তুই এই পৃথিবীতে বংশধর আনিস না। তোর চাচা চল্লিশ বছরে পাগল হয়েছিল। তোর দাদাও তাই। তোর বাবা তার আগেই চলে গেছেন, না হলে কী হতো কে জানে? এই পাগলামির বীজ এখানেই থামুক।

আজ আমার চল্লিশ বছর হবে। বাইরে পাখির কিচিরমিচির শোনা যাচ্ছে। জানালার ফাঁক গলে হালকা লালাভ একটা আলো ভোর হয়ে যাওয়ার ইঙ্গিত দিচ্ছে। বেডসাইড ড্রয়ার থেকে একটা ইনহেলার বের করে বিছানার পাশে রাখলাম, যাতে ঘুম থেকে উঠে মিলি সহজে খুঁজে পায়। আমাকে খুঁজে না পেলে তার শ্বাসকষ্ট হতে পারে। উকিলের সাথে কথা বলেছি, নিরুদ্দেশ থাকলে এমনিতেই বিয়ে খারিজ হয়ে যায়। একজন মানুষ যাকে মন দিয়ে ভালোবেসেছি তার কোনো ক্ষতি আমি করতে চাই না। নিশ্চিন্তে ঘুমিয়ে থাকা মিলিকে পাশ কাটিয়ে আমি একটা লাল স্যুটকেস নিয়ে ধীরে ধীরে দরজা খুলে বের হয়ে এলাম।

অন্ধকার মেঘের রাজ্য থেকে এক ঝড়ের রাতে মিলিকে উড়িয়ে এনেছিলাম- আবার তাকে মুক্ত আকাশেই ছেড়ে দিয়ে গেলাম।

মৃত্যু এক শান্ত চিলের মতন

সালেহীন সাজু

ফোটায় ফোটায় হলুদ
বৃক্ষ ডাল থেকে অবিরাম ঝরছে,
ঝরতে ঝরতে ঝরতে
মিশে যাচ্ছে ঘাসে, ধুলোয়, কাদায়,
কখনো ভেসে যাচ্ছে স্রোতে, অদূরে ডুবে যাচ্ছে অতলে,
ঝরাবনে বসে ভাবি- এখন মধ্য দুপুর
তবু কয়েকটি সাদা দাড়ি, অনেকগুলো সাদা চুল,
ভাবছি, সাদা কি তবে হলুদ নয়?
সাদা চুলে মেহেদী রঙে যেমন বর্ণিল হয়।
মৃত্যু কি হঠাৎ করেই আসে?
নাকি সে উড্ডীন শান্ত চিলের মতন
দূর থেকে আঙ্গিনায় ছায়া ফেলতে ফেলতে
ধীরে ধীরে নেমে আসে,
ঝরাবনে পত্র-পল্লবগুলো যেমন
দূরের শীত টের পায়,
মানুষের অঙ্গগুলোও তেমন
চুলগুলো সাদা, দৃষ্টি সংকুচিত হয়,
হাড় গুলো ভেতর ভেতর ক্ষয়ে যায়,
ভাবি, ব্রম্মাণ্ডও তার জরাগ্রস্ত, প্রবীণ পাতাকে
ঝরিয়ে নেয়, নতুন পাতার প্রত্যাশায়।

মানবীয়

শম্পা চক্রবর্ত্তী

অধিকার জয়ী মুক্ত স্বদেশে
কপট দুর্ভিক্ষ- পীড়িত দেশে

এক শিশুকে ভাগাড়ের ভাগ দিয়েছিল শারমেয়।
বুঝেছিল, শিশুটির ক্ষুধার জ্বালা ছিল অপরিমেয়।

স্বাধীন স্বদেশের সব প্রদেশের ঠিকানা মুক্ত শিশুটি।
হয়তো কোথাও ঠিকানা জুটিয়েছে সেই শারমেয়টি।

পথের ধারে পেটে হাত চেপে ধরে দাঁড়িয়েছে এক ছেলে।
দূরদেশ হতে তার প্রাণ বাঁচাতে কেউ কিছু নিয়ে আসবে বলে।

একদিন সে দেখেছিল, বোঝাই করা এক লরি এসেছিল,
ত্রাণের লাইনে হুল্লোড় দেখে, সেই লরি ফিরে গিয়েছিল।

সেদিন ক্ষুধা বঞ্চনায় ক্ষুব্ধ মানুষের কান্না শুনেছে সে।
ওদের সাথে লাইনে দাঁড়াবে তখনো তেমন বাড়েনি সে।

জেনেছে এখানে আর কিছুই মিলবে না তার
পাশের ভাগাড়েও শকুনিরা নেমেছে এবার।

ওধারে মানুষ এধারে শকুনি বীভৎস চিৎকার
ব্রত রোজায় ক্ষীণ হয়ে আসে আলো তার।
নিভু নিভু আলোতে আজ অনুমেয়
কিছুটা মানবীয় ছিল সেই শারমেয়।

করোনা বলয়ে দূরত্বের ভালোবাসা

মেহাম্মদ আলী মানিক, এম,ডি, এফএএপি
বোর্ড সার্টিফাইড পিডিয়েট্রিশিয়ান

এসেই দেখি তোমার এতগুলো মিসকল,
ফোনটা গাড়িতে রেখে এসেছিলাম
তাই ধরতে পারিনি। বলো কেমন আছো?
এতদিন দেখোনি বলে ভীষণ মিস করছো?
আমারও একই অবস্থা, তোমাকে ভীষণ মিস করছি!
তুমি নেই, বিশাল বাড়িটা নিস্তব্ধ, যেন সাহারা মরুভুমি!
তোমার সেই চরকির মতো হাঁটাচলা, টেলিফোনে
অনর্গল সংলাপ এখনো কানে বাজছে!
তোমাকে নিয়ে চিন্তা করোনা, তুমিতো জানো
রান্নায় আমার জুড়ি নেই,
তাই খাওয়া দাওয়ারও চিন্তা নেই!
জানো, এই করোনা কিন্তু আমাদের জন্য সাপে বর
হয়ে এসেছে! এই যে তুমি মায়ামিতে ছেলেটার কাছে আছো,
ওকে আগলে রেখেছো, এটা যে তোমার জন্য কত বড় পাওয়া
তা আমি ছাড়া আর কেই বা বুঝবে?
ওকে কি তুমি এখনো আগের মতো হাতে খাইয়ে দাও?
ভাগ্যিস এই করোনা মহামারীর সময় তুমি ছেলের কাছে
আছো! আর তা না হলে 'তোমার কলিজার টুকরার'
চিন্তায় পাগল হয়ে যেতে!
মেয়েটার সাথে কি আজ কথা বলেছো? আমার সাথে কথা
হয়েছে, বাসা থেকেই অফিস করছে। ও ভালোই আছে।
কি ঘুমিয়ে পড়লে নাকি, সাড়া পাচ্ছিনা যে? জানো, এই
মুহূর্তে আমরা তিন ভূবনের বাসিন্দা। তুমি ছেলেকে নিয়ে
ফ্লোরিডায়, মেয়ে তার কুকুর ছানাকে নিয়ে টেক্সাসে আর
আমি বিড়াল ছানা সেডরিককে নিয়ে জর্জিয়াতে।
কি বললে সেডরিককে মিস করছে। কেননা মাঝে মাঝে ওকে
বিষন্ন দেখা যায়।
অনেক রাত হয়ে গেলো, কালতো আবার চ্যাম্বার আছে।
এই করোনা ক্রান্তিলগ্নে নিজের দিকে খেয়াল রেখো,
শুভরাত্রি।

34th FOBANA CONVENTION 2020
28-29 November

FOBANA COVID-19 Disaster Relief Distribution
New York



FOBANA COVID-19 Disaster Relief Distribution
New York

34th FOBANA CONVENTION 2020
28-29 November

FOBANA COVID-19 Disaster Relief Distribution
New Jersey

FOBANA COVID-19 Disaster Relief Distribution
Atlanta, Georgia

34th FOBANA CONVENTION 2020
28-29 November

FOBANA COVID-19 Disaster Relief Distribution
Atlanta, Georgia

FOBANA COVID-19 Disaster Relief Distribution
Dallas, Texas

34th FOBANA CONVENTION 2020
28-29 November

FOBANA COVID-19 Disaster Relief Distribution-2020
Crystal Open Scout, Bangladesh

FOBANA COVID-19 Disaster Relief Distribution
Crystal Open Scout, Bangladesh

34th FOBANA CONVENTION 2020
28-29 November

FOBANA COVID-19 Disaster Relief Distribution
Rotary District 3281, Bangladesh

FOBANA COVID-19 Disaster Relief Operations
Chhayatal, Bangladesh

FOBANA COVID-19 Disaster Relief Distribution
Bidyanondo, Bangladesh

Bidyanondo Foundation Bangladesh
(Registration No: S-12258/2015)
Web: www.bidyanondo.org
Email: support@bidyanondo.org

7th November, 2020

To

Dr. Ahsan Chowdhury

Executive Secretary

FOBANA

North America

Subject: Receiving acknowledgement and thanks letter for the contribution.

Sir,

We would like to take the opportunity to thank you on behalf of Bidyanondo Foundation for your contribution. Your contribution of a total **$1800** means a lot to us. The financial support from this renowned community (Federation of Bangladeshi Associations in North America- FOBANA) would help us fulfilling our mission of supporting COVID affected people of Bangladesh and helping to inspire them in the best possible way.

We are really grateful for your support. The support from generous community like yours is the reason for our tireless work. It's because of you that we are able to deliver our best to the community.

Thank you once again for making our mission a success. We will look forward for your support in future too.

Yours sincerely,

Salman Khan Yeasin

Head of Image and Communication

Bidyanondo Foundation

House: 13, Road: 2/B, Pallabi R/A, Mirpur 11.5, Dhaka 1216, +8801878116234

Flood Relief and Winter Clothes Distribution
Shohomormita Foundation, Bangladesh

FOBANA COVID-19 Disaster Relief Distribution
Shohomormita Foundation in cooperation with
Bangladesh Youth Association of Texas

34th FOBANA CONVENTION 2020
28-29 November

FOBANA COVID-19 Disaster Relief Operations
Manush Manusher Jonyo, Bangladesh







BUSINESS America

AVAILABLE NOW

100

MOST INFLUENTIAL
GLOBAL BANGLADESHI BUSINESSMEN



COLLECT YOUR COPY

bamericamagazine@gmail.com | info@biz-usa.org

biz-america.com | biz-usa.org